



নং-বস্ত্র/বিটেক/টাং/জি, আর,এস/বাঃকমিটি/১১০/১৬/ ২৪৮/২

তারিখঃ ৩০/০৭/২০২০

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত আপিল ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫(পরিমার্জিত ২০১৮) মোতাবেক অত্র প্রতিষ্ঠানের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে নিম্নলিখিত কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলো।

নাম ও পদবী : জনাব আরিফুর রহমান, সহকারী অধ্যাপক(মেকানিক্যাল),
যোগাযোগের ঠিকানা: বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাঙ্গাইল, মোবাইলঃ ০১৬৭৯-২৭৫৫৪৭,
ই-মেইল: arif.btec.ap@gmail.com

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর কাযপরিধিঃ

- ক) প্রাপ্ত অভিযোগ প্রতিকারের কার্যক্রম গ্রহণ;
- খ) অভিযোগসমূহের বিশ্লেষণ করে যে সকল অভিযোগের পুনরায়বৃত্তি ঘটে থাকে, সেগুলো চিহ্নিতকরণ,
- গ) সেবা প্রদান পদ্ধতি এবং সংশ্লিষ্ট আইন-বিধি ও নীতিমালা প্রণয়ন/সংশোধনের সুপারিশ প্রদান;
- ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা সংশোধন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আদর্শমান প্রবর্তন সম্পর্কে সুপারিশ প্রদান;
- ঙ) প্রাপ্ত অভিযোগ এবং প্রতিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- চ) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া অথবা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত কোন সংবাদ, প্রতিবেদন বা চিঠিপত্রে অভিযোগের উপদান থাকলে সেগুলো পরীক্ষা করে প্রতিকারের উদ্যোগ গ্রহণ;
- ছ) অভিযোগকারীকে অভিযোগের ফলাফল সম্পর্কে অবহিতকরণ;
- জ) অভিযোগের রেকর্ড সংরক্ষণ;
- ঝ) অভিযোগ প্রতিকারের মাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

০২। উল্লেখ্য যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) এর ৫.২.১ আপিল কর্মকর্তা নিয়োগ পদ্ধতি অনুযায়ী বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অভিযোগ প্রতিকার সংক্রান্ত আপিল কর্মকর্তা হিসেবে বস্ত্র অধিদপ্তরের নিম্নলিখিত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

নাম ও পদবীঃ এ.কে.এম রাজিবুর রহমান, উপপরিচালক(কারিগরি),
যোগাযোগের ঠিকানা: বস্ত্র অধিদপ্তর, ৭-৯, কাওরান বাজার, ঢাকা, ফোনঃ০২-৫৫০১৩২০২, মোবাইলঃ০১৬৭৪০৯৩৬৮১,
ই-মেইলঃ adadmin@dot.gov.bd)

মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।


মোঃ বখতিয়ার হোসেন
অধ্যক্ষ (অঃদাঃ)
বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
কালিহাতী, টাঙ্গাইল।
btec.gov.bd@gmail.com

তারিখঃ ৩০/০৭/২০২০

নং-বস্ত্র/বিটেক/টাং/জি, আর,এস/বাঃকমিটি/১১০/১৬/ ২৪৮/২(০৩)
সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইলঃ

- ০১। GRS ফোকাল পয়েন্ট, অত্র কলেজ।
- ০২। এপিএ ফোকাল পয়েন্ট, অত্র কলেজ।
- ০৩। অফিস নথি।


মোঃ বখতিয়ার হোসেন
অধ্যক্ষ (অঃদাঃ)
বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
কালিহাতী, টাঙ্গাইল।
btec.gov.bd@gmail.com